দৈনিক বাংলা

তারিখ ... 30/12/83 ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

30/12/83

036

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

দৈনিক বাংলা সাভার, ঢাকা

# রেজিস্টার্ড গ্রাজুয়েট তালিকাভুক্তি ও নবায়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

(ক) এই বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটগণের অবগতির জন্য জানান যাইতেছে যে ১৯৭৩-এর জাহাঙ্গীরনগর এ্যাক্টের প্রথম স্ট্যাটিউটের ১৭(১) ধারা মতে নিম্নে বর্ণিত ডিগ্রীপ্রাপ্তগণ এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার্ড গ্রাজুয়েট তালিকাভুক্তির জন্য যোগ্য বিবেচিত হইয়াছেন:

| চূড়ান্ত সম্মান পরীক্ষার বর্ষ | বিভাগ | যে শিক্ষাবর্ষ হইতে রেজিস্ট্রেশনের যোগ্য | নবায়ন ফি বর্ষ |
|---|---|---|---|
| ১৯৭৩ | অর্থনীতি, ভূগোল, পরিসংখ্যান ও গণিত। | ১৯৭৮-৭৯ | ১৯৭৯ হইতে ১৯৮৩-৮৪ পর্যন্ত। |
| ১৯৭৪ | অর্থনীতি, ভূগোল, পরিসংখ্যান, গণিত, বাংলা, রসায়ন ও পদার্থবিদ্যা। | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ হইতে ১৯৮৩-৮৪ পর্যন্ত। |
| ১৯৭৫ | অর্থনীতি, ভূগোল, পরিসংখ্যান, গণিত, রসায়ন, পদার্থবিদ্যা, ইংরেজী ও ইতিহাস। | ১৯৮০-৮১ | ১৯৮১-৮২ হইতে ১৯৮৩-৮৪ পর্যন্ত। |
| ১৯৭৫ | বাংলা। | ১৯৭৯-৮০ | ১৯৮০-৮১ হইতে ১৯৮৩-৮৪ পর্যন্ত। |
| ১৯৭৬ | অর্থনীতি, ভূগোল, পরিসংখ্যান, গণিত, রসায়ন, পদার্থ, বাংলা, ইংরেজী ও ইতিহাস। | ১৯৮১-৮২ | ১৯৮২-৮৩ হইতে ১৯৮৩-৮৪ পর্যন্ত। |
| ১৯৭৭ | অর্থনীতি, ভূগোল, পরিসংখ্যান, গণিত, রসায়ন, পদার্থবিদ্যা, বাংলা, ইংরেজী ও ইতিহাস। | ১৯৮২-৮৩ | ১৯৮৩-৮৪ |
| ১৯৭৮ | অর্থনীতি, ভূগোল, পরিসংখ্যান, গণিত, রসায়ন, পদার্থবিদ্যা, বাংলা, ইংরেজী ও ইতিহাস। | ১৯৮৩-৮৪ | — |

(১) উপরের (১) কলামে বর্ণিত গ্রাজুয়েটগণের মধ্যে যাঁহারা টাঃ ১০/০০ প্রদানপূর্বক ৩ নম্বর কলামে উল্লিখিত বর্ষের জন্য তালিকাভুক্ত হইয়াছেন তাঁহারা রেজিস্টার্ড গ্রাজুয়েট হিসাবে থাকার জন্য ৪ নং কলামে বর্ণিত প্রতি বর্ষের জন্য টাঃ ১৫/০০ হারে প্রদান করিতে পারেন। আর যাঁহারা আজীবন সদস্যভুক্তি লাভ করিতে ইচ্ছুক তাঁহারা এককালে টাঃ ১০০/০০ (এক শত) মাত্র প্রদান করতঃ উহা লাভ করিতে পারেন।

(২) উপরের (১) কলামে বর্ণিত বর্ষের যে সকল গ্রাজুয়েটগণ ইতিপূর্বে তালিকাভুক্ত হন নাই বা তালিকাভুক্তি লাভ করিতে পারেন নাই তাঁহারা এখন ৩ কলামে বর্ণিত বর্ষের তালিকাভুক্তি ফি বাবদ টাঃ ১০/০০ পরিশোধ করিয়া নির্ধারিত ফরমে আবেদন করিতে পারেন এবং সেই ক্ষেত্রেও ৪ নং কলামে বর্ণিত বর্ষের জন্য টাঃ ১৫/০০ হারে নবায়ন ফি পরিশোধ করিতে পারেন। যাঁহারা আজীবন সদস্যভুক্তি লাভ করিতে ইচ্ছুক তাঁহারা তালিকাভুক্তি ফি টাঃ ১০/০০ ছাড়াও টাঃ ১০০/০০ (এক শত) প্রদানপূর্বক আজীবন সদস্যভুক্তি লাভ করিতে পারেন। গ্রাজুয়েট তালিকাভুক্তি লাভের জন্য নির্ধারিত ফরম নিম্নস্বাক্ষরকারীর অফিস হইতে ব্যক্তিগতভাবে বা নিজ ঠিকানা সম্বলিত ৫০ পয়সার ডাক টিকেট লাগানো খাম পাঠাইয়াও উহা সংগ্রহ করিতে পারেন।

(খ) রেজিস্টার্ড গ্রাজুয়েট হিসাবে তালিকাভুক্তির পর এই বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটগণের মধ্যে যাঁহারা ১৯৮২-৮৩ বর্ষ পর্যন্ত নবায়ন ফি পরিশোধ করিয়াছেন তাঁহারা ১৯৮৩-৮৪ বর্ষের জন্য টাঃ ১৫/০০ নবায়ন ফি পরিশোধ করিতে পারেন। যাঁহারা তালিকাভুক্তির পর নবায়ন ফি পরিশোধ করেন নাই তাঁহারাও ১৯৮৩-৮৪ বর্ষ পর্যন্ত বর্ষগুলির জন্য টাঃ ১৫/০০ হারে নবায়ন ফি পরিশোধ করতঃ পুনঃ তালিকাভুক্তি লাভ করিতে পারেন। যাঁহারা আজীবন সদস্যভুক্তি লাভে ইচ্ছুক তাঁহারা এককালে টাঃ ১০০/০০ প্রদান করিয়া উহা লাভ করিতে পারেন।

সংশ্লিষ্ট গ্রাজুয়েটগণকে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে নগদ কিংবা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় অগ্রণী ব্যাংক শাখার উপর ব্যাংক ড্রাফটের মারফত আগামী ৩১শে জানুয়ারী, ১৯৮৪-এর মধ্যে জমা দিতে অনুরোধ করা যাইতেছে।

পত্র বিনিময়ের সুবিধার্থে পূর্বে প্রদত্ত যোগাযোগ ঠিকানার কোন পরিবর্তন ঘটিলে উহা নিম্নস্বাক্ষরকারীকে জানাইতেও অনুরোধ করা হইল।

স্বাঃ—অস্পষ্ট,
রেজিস্ট্রার।

জ—৬৪২১